

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৮৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৮৬]

পর্ব-১৪: জুমু'আহ (إِجَابُ الْجُمُعَةِ)

পরিচ্ছেদঃ ১৩: জুমু'আয় সকাল সকাল যাওয়া

بَابُ التَّبَكُّيرِ إِلَى الْجُمُعَةِ

আরবী

أَخْبَرَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ بْنِ نَصْرِ، عَنْ عَبْدِ الْأَعْلَى، قَالَ: حَدَّثَنَا مَعْمَرٌ، عَنْ الزُّهْرِيِّ، عَنْ الْأَغَرِّ أَبِي عَبْدِ اللَّهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: إِذَا كَانَ يَوْمُ الْجُمُعَةِ، قَعَدَتِ الْمَلَائِكَةُ عَلَى أَبْوَابِ الْمَسْجِدِ فَكَتَبُوا مَنْ جَاءَ إِلَى الْجُمُعَةِ، فَإِذَا خَرَجَ الْإِمَامُ طَوَتْ الْمَلَائِكَةُ الصُّحُفَ، قَالَ: فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: الْمُهِجَّرُ إِلَى الْجُمُعَةِ كَالْمُهْدِي بَدَنَةً، ثُمَّ كَالْمُهْدِي بَقَرَةً، ثُمَّ كَالْمُهْدِي شَاةً، ثُمَّ كَالْمُهْدِي بَطَّةً، ثُمَّ كَالْمُهْدِي دَجَاجَةً، ثُمَّ كَالْمُهْدِي بَيْضَةً.

تخريج دارالدعوة: صحيح البخارى/الجمعة ٣١ (٩٢٩)، بدء الخلق ٦ (٣٢١١)، صحيح مسلم/الجمعة ٧ (٨٥٠)، (تحفة الأشراف: ١٣٢٦٥)، مسند احمد ٢/٢٥٩، ٢٦٣، ٢٦٤، ٢٨٠، ٥٠٥، ٥١٢، سنن الدارمى/الصلاة ١٩٣ (١٥٨٥) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1386 - صحيح

বাংলা

১৩৮৫. নাসর ইবনু আলী ইবনু নাসর (রহ.) ... আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। নবী (সা.) বলেছেন: যখন জুমু'আর দিন হয় তখন মালায়িকাহ্ (ফেরেশতাগণ) মসজিদের দরজাসমূহে বসে যান এবং যারা জুমু'আর জন্যে আসতে থাকেন তাদের নাম লিপিবদ্ধ করতে থাকেন। এরপর যখন ইমাম খুৎবা দেয়ার জন্যে বের হয়ে আসেন মালায়িকাহ্ খাতা বন্ধ করে দেন। আবু হুরায়রাহ্ (রাঃ) বলেন, রসূলুল্লাহ (সা.) বললেন, (সূর্য পশ্চিম দিকে হেলে যাওয়ার পর) জুমু'আর প্রথম প্রহরে আগমনকারী একটি উট সদাকাহকারীর ন্যায় এরপরে আগমনকারী একটি গরু সদাকাহকারীর ন্যায়, এরপরে আগমনকারী একটি বকরী সদাকাহকারীর ন্যায়, অতঃপর আগমনকারী একটি

হাঁস সদাকাহকারীর ন্যায়, এরপর আগমনকারী একটি মুরগী সদাকাহকারীর ন্যায়, এরপর আগমনকারী একটি ডিম সদাকাহকারীর ন্যায় নেকী পাবে।

English

Coming To Jumu'ah Prayers Early

It was narrated from Abu Hurairah that: The Prophet (ﷺ) said: When Friday comes, the angels sit at the doors of the masjid and record who comes to jumu'ah prayers. Then, when the imam comes out, the angels roll up their scrolls. The Messenger of Allah (ﷺ) said: 'The one who comes early to jumu'ah prayers is like one who sacrifices a camel, then like one who sacrifices a cow, then like one who sacrifices a sheep, then like one who sacrifices a duck, then like one who sacrifices a chicken, then like one who sacrifices an egg.

ফুটনোট

সহীহ: বুখারী ৯২৯, মুসলিম (২/২৪/৫৮৭)। [দ্রঃ ৮৬৪]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89881>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন